

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি মন্ত্রণালয়  
সার ব্যবস্থাপনা ও মনিটরিং অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


নং- ১২.০৩৩.০৪০.০৩.০১.১০.২০১১-৭৩

তারিখ : ০৪/১২/২০১৬ খ্রিঃ।

বিষয় : অবৈধ এনপিকেএস (মিশ্র সার) উৎপাদন এবং বাজারজাতকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিগত কয়েকবছরসহ ২০১৬-১৭ অর্থবছরে শুধুমাত্র সাউথ বেঙ্গল ফার্টিলাইজার মিলস্ লিঃ ও নাফকো (প্রাঃ) লিঃ নামক দুটি প্রতিষ্ঠানকে এনপিকেএস (মিশ্র সার) উৎপাদনের জন্য সরকারীভাবে ভর্তুকি মূল্যে সার সরবরাহ করা হয়। তাই উক্ত দুটি প্রতিষ্ঠান ছাড়া অন্য কোন প্রতিষ্ঠানের পক্ষে এ সময়ে বৈধভাবে এনপিকেএস (মিশ্র সার) উৎপাদন ও বাজারজাত করা সম্ভব নয়। উক্ত দুটি প্রতিষ্ঠানের বাইরেও অন্যান্য প্রতিষ্ঠানের NPKS সার বাজারে রয়েছে এবং উপরোক্ত প্রতিষ্ঠানসমূহের প্যাকেট নকল করে নিঃসন্ধানের সার বাজারজাত করা হচ্ছে মর্মে বিভিন্ন উৎস হতে জানা যায়। সরকার নির্ধারিত পদ্ধতিতে ও মূল্যে কাঁচামাল না পেয়েও কোন প্রতিষ্ঠান NPKS সার উৎপাদন করলে তাদের কাঁচামাল প্রাপ্তির উৎস কি তা জানা প্রয়োজন। কাঁচামাল প্রাপ্তিতে অসংগতি থাকলে সঠিক অনুপাতের NPKS সার উৎপাদন হবে না, ফলে কৃষক প্রতারিত হবে। উল্লেখ্য, বর্তমানে NPKS সার প্রধানত পাউডার MAP ও MOP সার দিয়ে প্রস্তুত করা হয়। সাউথ বেঙ্গল ফার্টিলাইজার মিলস্ লিঃ ও নাফকো (প্রাঃ) লিঃ ছাড়া অন্য কোন প্রতিষ্ঠান MAP সার আমদানি করে না বিধায় অন্য কোন প্রতিষ্ঠানের NPKS সার উৎপাদনের ও বিপণনের বৈধতা নেই।

০২। সাউথ বেঙ্গল ফার্টিলাইজার মিলস্ লিঃ ও নাফকো (প্রাঃ) লিঃ ছাড়া অন্য কোন প্রতিষ্ঠান NPKS সার উৎপাদনের কাঁচামাল ভর্তুকি মূল্যে পায়নি বিধায় অন্য কোন প্রতিষ্ঠানের NPKS সার উৎপাদন ও বিপণনের বৈধতা না থাকায় উক্ত প্রতিষ্ঠান দুটি ছাড়া অন্য প্রতিষ্ঠানের উৎপাদিত NPKS সারের কাঁচামালের উৎস কি সে বিষয়ে অনুসন্ধানপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
০৪/১২/১৬  
(মোহাম্মদ নূরুলবী)  
গবেষণা কর্মকর্তা  
ফোনঃ ৯৫৪৫৪৭৪

বিতরণ :

- ১। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা।
- ২। জেলা প্রশাসক (সকল)-----।
- ৩। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (সকল)-----।
- ৪। চেয়ারম্যান, সাউথ বেঙ্গল ফার্টিলাইজার মিলস্ লিঃ, প্রধান কার্যালয়, ২৭(পুরাতন), ধানমন্ডি, ঢাকা।
- ৫। ব্যবস্থাপনা পরিচালক, নাফকো (প্রাঃ) লিঃ, ৬৯/১ বীর উত্তম কাজী নূরুজ্জামান সড়ক, ১২/এ সুবাস্ত টাওয়ার, পাছপথ, ঢাকা-১২০৫।

অনুলিপি :

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
- ✓ ২। প্রোগামার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রতিটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ২। গার্ড ফাইল/ অফিস কপি।